

# আর অজুহাত নয় !



## আপনি কি জানতেন?

- কোলন ক্যানসারের জন্য অনেক পরীক্ষা আছে। আপনার ডাক্তারের সাথে কথা বলে দেখুন কোনটা আপনার পক্ষে ঠিক হবে।
- কোলনোস্কপির মাধ্যমে বৃদ্ধি ( যাকে বলা হয় পলিপ) দেখতে পাওয়া যায় এবং সেগুলি ক্যানসার হয়ে যাবার আগেই বাদ দেওয়া হয়।
- যদি আপনার মল্যদ্বার থেকে রক্ত পড়ে অথবা পায়খানাতে রক্ত থাকে, তাহলে ডাক্তারের সঙ্গে দেখা করুন।

**ওয়ালটার :** ন্যান্সি, ডাক্তারের অফিস থেকে ফোন এসেছিলো, আমাদের মনে করিয়ে দেবার জন্য যে পরের সপ্তাহে একটা এ্যাপয়েন্টমেন্ট আছে। সেটা কিসের জন্য ?

**ন্যান্সি :** আমরা তো এ বিষয়ে আলোচনা করেছি! সম্প্রতি আমরা দুজনেই তো ৫০ হ'লাম, সেইজন্য আমাদের দুজনকেই কোলন ক্যানসারের পরীক্ষাটা করাতে হবে।

**ওয়ালটার :** সত্যি বলতে কি, আমি আশা করেছিলাম যে তুমি ঐ কথাটা ভুলে গেছ।

**ন্যান্সি :** কিন্তু আমি ত ভুলিনি। আমি বেশ কয়েক সপ্তাহ আগে এ্যাপয়েন্টমেন্টটা করেছিলাম। তাই পরের মঙ্গলবার অন্য কিছু পরিকল্পনা রেখো না।

**ওয়ালটার :** তুমি কি নিশ্চিত ভাবে জান যে আমাদের এটা করতে হবে। এটা কি এমন ব্যাপার ?

**ন্যান্সি :** ব্যাপার হচ্ছে কোলন ক্যানসার ! তোমার কি মনে নাই জনের পরিবারের ওপর কি ঝড়টাই না বইল যখন ওর ওটা হয়েছিল? জানিনা আমি কি করব যদি তোমায় কোনদিন হারাতে হয়।

**ওয়ালটার :** ও কথা ভেবো না।

**ন্যান্সি :** তাহলে ওই কথাই রইলো। আমরা দুজনেই কোলন পরীক্ষা করাব। এটা করলে যদি ওরা কোন ছোট বৃদ্ধিও খুঁজে পায়, ওরা সেটাকে বাদ দিয়ে ক্যানসার হয়ে যাওয়াকে খামিয়ে দিতে পারবে!

**ওয়ালটার :** ঠিক আছে। শুধু এই যে, ওরা যেভাবে পরীক্ষাটা করে সেটা আমার পছন্দ নয়।

**ন্যান্সি :** অত খারাপ নয়। তাছাড়া, এই দিয়ে যদি তোমার জীবন বাঁচে।

কোলন ক্যানসারের বিষয়ে তথ্যের জন্য, এইখানে ফোন করুনঃ

1.800.227.2345



Get help anytime.

1.800.ACS.2345 / www.cancer.org